সংবাদ

তারিখ ·২৬· AUG ·2017· ...
পৃষ্ঠা ··· ৪ ··· কলাম ···· ৬......

# ঢাবি 'বঙ্গবন্ধু চেয়ার' পদে মুনতাসীর মামুন

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

বাংলা একাডেমি পুরস্কারপ্রাপ্ত শিক্ষাবিদ, লেখক ও গবেষক এবং ইতিহাস বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক মুনতাসীর মামুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগে 'বঙ্গবন্ধু চেয়ার' পদে নিয়োগ পেয়েছেন। তিনি আগামী এক বছর এই পদে থেকে বঙ্গবন্ধু ও বাংলাদেশ নিয়ে গবেষণা করবেন। গত ১৬ আগস্ট ২০১৭ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট সভায় তাকে এই পদের জন্য নিয়োগ দেয়া হয় বলে জানায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

মুনতাসীর মামুনের জন্ম ১৯৫১ সালের ২৪ মে ঢাকায়। তিনি ১৯৬৬ সালে চট্টগ্রামের পোর্ট ট্রাস্ট হাই স্কুল থেকে মাধ্যমিক, ১৯৬৮ সালে চট্টগ্রাম কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পাস করেন। ১৯৬৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন। ১৯৭২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগ থেকে স্নাতকোত্তর ডিগ্রি এবং ১৯৮৩ সালে একই বিভাগ থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। স্বাধীনতার পর ইতিহাস বিভাগ থেকে তিনিই প্রথম পিএইচডি ডিগ্রি লাভ করেন। মুনতাসীর মামুন ঢাকা বিশ্ববিদ্যালয়. ইতিহাস বিভাগে প্রভাষক হিসেবে যোগ দেন ১৯৭৪ সালের ৩১ অক্টোবর। তিনি ২০১৬ সালের ৩০ জুন বিশ্ববিদ্যালয় থেকে অবসরকালীন ছুটিতে যান।